# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 26-10-2025** **Time: 1.30 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ছট মহাপর্ব, সংস্কৃতি, প্রকৃতি ও সমাজের গভীর একাত্মবোধের প্রতিফলন। আকাশবাণীতে আজ 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ছট্ পুজো উপলক্ষ্যে দেশবাসী, বিশেষ করে বিহার, ঝাড়খন্ড ও পূর্বাঞ্চলের বাসিন্দাদের শুভেচ্ছা জানান।

২) অপারেশন সিন্দুরের সাফল্য প্রতিটি ভারতীয়কে গৌরবান্বিত করেছে বলে উল্লেখ করেছেন শ্রী মোদী। জিএসটি বাঁচাত উৎসব নিয়েও জনগণের মধ্যে তুমুল উৎসাহ দেখা যাচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

সর্দার বল্লভ ভাই প্যাটেল ও বন্দে মাতরম এর ১৫০ বছর পূর্তিও মন কি বাত এ বিশেষ প্রাধান্য পায় ।

৩) চারদিন ব্যাপী ছট পুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে খারনা।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ২২ তম আশিয়ান শীর্ষ বৈঠকে ভার্চুয়ালি অংশ নেবেন।

৫) দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটি আজ অতি গভীর নিম্নচাপে পরিণত হয়ে ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হচ্ছে।

৬) ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেটে বিশ্বকাপ লিগ পর্বের শেষ ম্যাচে বাংলাদেশের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ছট মহাপর্ব, সংস্কৃতি, প্রকৃতি ও সমাজের গভীর একাত্মবোধের প্রতিফলন। আকাশবাণীতে আজ 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ছট্ পুজো উপলক্ষ্যে দেশবাসী, বিশেষ করে বিহার, ঝাড়খন্ড ও পূর্বাঞ্চলের বাসিন্দাদের শুভেচ্ছা জানান। ছট পুজোর ঘাটে সমাজের সর্বস্তরের মানুষ যেভাবে একজোট হন, তা' ভারতের সামাজিক ঐক্যের এক অপূর্ব উদাহরণ বলেও উল্লেখ করেন শ্রী মোদী।

বাইট-ছট

প্রধানমন্ত্রী বলেন, সারা দেশ এখন উৎসবের আমেজে মেতে রয়েছে। দীপাবলির পর ছটের এই উৎসবে, ভক্তি, প্রেম ও ভালবাসা এবং ঐতিহ্যের এক মেলবন্ধন। যে নিষ্ঠা ও ভক্তি সহকারে মহিলারা ছট পুজোর সময় উপবাস করেন, তা' সকলকেই অনুপ্রাণিত করে বলে তিনি উল্লেখ করেছেন।

দেশের নাগরিকদের উদ্দেশে প্রধানমন্ত্রী সম্প্রতি যে চিঠি লিখেছেন, সে কথা স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, অনেকের কাছ থেকেই তিনি ওই চিঠির উত্তর পেয়েছেন। তাঁরাও প্রধানমন্ত্রীর ভাবনার শরিক হয়েছেন। ওই চিঠিতে শ্রী মোদী উল্লেখ করেছিলেন, দেশের গৌরবজনক সাফল্য এবছরের উৎসবের মরশুমকে আরো বর্ণময় করে তুলেছে।

বাইট-চিঠি

তাঁর চিঠিতে তিনি ভোজ্য তেলের ব্যবহার ১০ শতাংশ কম করার জন্য সকলের প্রতি যে আবেদন জানিয়েছিলেন, তাতে ব্যাপক সাড়া মিলেছে বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

'অপারেশন সিন্দুর'-এর উল্লেখ করে নরেন্দ্র মোদী বলেন, ওই অভিযানের সাফল্য, প্রতিটি ভারতীয়কে গৌরবান্বিত করেছে। একসময়ে যে সমস্ত এলাকা মাওবাদীদের আতঙ্কে নিষ্প্রদীপ থাকতো, সেই সব এলাকাও এবার উৎসবের আনন্দে আলোকিত হয়ে উঠেছে। মানুষ যে মাওবাদী আতঙ্কের বিভীষিকা থেকে বেরিয়ে এসে তাঁদের সন্তানদের ভবিষ্যত সুরক্ষিত রাখতে চায়, সেকথাও স্পষ্ট জানান তিনি।

GST বাচত উৎসব'ও এরপর স্থান পায় প্রধানমন্ত্রীর ভাষণে। তিনি বলেন, GST হারে সাম্প্রতিক যে সংশোধন করা হয়েছে, তা' নিয়ে জনগণের মধ্যে তুমুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। আর এই উৎসবের মরসুমেও সেই উৎসাহের প্রতিফলন দেখা গেছে। GST হার কমার ফলে, বাজারে এবার স্বদেশী পণ্যের কেনাকাটা বেড়েছে।

বাইট-GST

স্বচ্ছতা ও স্বচ্ছতা বজায় রাখার প্রয়াস প্রসঙ্গে শ্রী মোদী অনেকের কাছ থেকে বার্তা পেয়েছেন বলে জানান। বিভিন্ন শহরে স্বচ্ছতা বজায় রাখার যে ধরনের উদ্যোগ নেওয়া হচ্ছে, তার'ও উদাহরণ দেন তিনি। ছত্তিশগড়ের অম্বিকাপুরে প্লাস্টিক বর্জ্য পরিস্কারের জন্য এক অভূতপূর্ব উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে চালানো হচ্ছে গারবেজ ক্যাফে, যেখানে প্লাস্টিক আবর্জনা নিয়ে গেলে বিনামূল্যে ভরপেট খাবার দেওয়া হয়। অম্বিকাপুর পুরনিগম, এই ক্যাফে চালায়।

বাইট-প্লাস্টিক

ব্যাঙ্গালুরুর ইঞ্জিনিয়ার কপিল শর্মা'ও এরকমই আরেক অভিনব উদ্যোগ নিয়েছেন। হ্রদের শহর হিসেবে পরিচিত বেঙ্গালুরুতে তিনি সেগুলি পুনরুজ্জীবনের কাজ শুরু

করেছেন। এখনো পর্যন্ত তিনি ও তাঁর সঙ্গীরা বেঙ্গালুরু ও সংলগ্ন এলাকায় ৪০ টি কুঁয়ো এবং ৬'টি হ্রদের সংস্কার করে সেগুলিকে নতুন রূপ দিয়েছেন। কর্পোরেট সংস্থা এবং স্থানীয় মানুষজনকে তাঁর এই উদ্যোগে সামিল করেছেন কপিলজী। তিনি বলেন, মানুষ যে দৃঢ়সংকল্প করলে যেকোন কাজ বা পরিবর্তন আনতে পারে, এটা তারই এক উজ্জ্বল উদাহরণ।

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী **ম্যানগ্রোভের গুরুত্বের** কথাও তুলে ধরেন। নোনা জল ও স্যাঁতস্যাঁতে এলাকায় গড়ে ওঠা এই ধরণের গাছ, সামুদ্রিক বাস্তুতন্ত্র বজায় রাখার ক্ষেত্রে এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। সুনামি অথবা ঘূর্ণিঝড়ের বিপর্যয় প্রতিরোধেও বিশেষ সহায় হয় এই ম্যানগ্রোভ গাছ। ম্যানগ্রোভের গুরুত্বের কথা মাথায় রেখে গুজরাটের আমেদাবাদের কাছে ঢোলেরায় বনদপ্তর এক বিশেষ উদ্যোগ নিয়েছে। বছর পাঁচেক আগে তারা সেখানে ম্যানগ্রোভ লাগানো শুরু করে। এখন তা' সাড়ে তিন হাজার হেক্টর জমির ওপর বিস্তৃত। এর ফলে সেখানে শুশুক, কাঁকড়া সহ বিভিন্ন জলজ প্রাণীর সংখ্যা বেড়েছে। পরিযায়ী পাখিরাও অনেক বেশী সংখ্যায় ওই এলাকায় আসছে। এর ফলে পরিবেশের ওপর ইতিবাচক প্রভাব পড়েছে।

বাইট-ম্যানগ্রোভ

ঢোলেরার পর কচ্ছেও ম্যানগ্রোভ লাগানোর কাজ জোরকদমে চলেছে বলে প্রধানমন্ত্রী জানান। করিক্রিক-এ একটি ম্যানগ্রোভ লার্নিং সেন্টার'ও তৈরী করা হয়েছে। এপ্রসঙ্গে বৃক্ষ রোপণের ওপর গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী জনগণকে, যেখানে তাঁরা বাস করেন, সেইসব এলাকায় গাছ লাগানোর আবেদন জানিয়েছেন। **'এক পেড় মা কে নাম'** কর্মসূচীও আরো এগিয়ে নিয়ে যাওয়ার পক্ষে জোরালো স ওয়াল করেন তিনি।

প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে বিভিন্ন দেশীয় কুকুর যেভাবে বিএসএফ, সিআরপিএফ সহ নিরাপত্তা সংস্থাগুলির কাজে সহায়তা করছে, তাদের কথাও তুলে ধরেন মন কি বাতে।

বিএসএফ এই প্রশিক্ষণপ্রাপ্ত কুকুরদের বিদেশী নামে ডাকার পরিবর্তে ভারতীয় নাম দেওয়ার পরম্পরা শুরু করেছে বলেও তিনি উল্লেখ করেন। ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত এলাকায় অভিযান চালানোর সময় সিআরপিএফ-এর একটি দেশীয় প্রশিক্ষণ প্রাপ্ত একটি কুকুর ৮ কিলোগ্রাম বিস্ফোরক উদ্ধার করেছিল, তাও স্মরণ করিয়ে দেন শ্রী মোদী।

সর্দার **বল্লবভাই প্যাটেলের** দেড়শ বছর পূর্তিকে গোটা দেশের জন্য এক বিশেষ ক্ষণ হিসেবে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। আগামী ৩১শে অক্টোবর তাঁর জন্মদিনটি গুজরাটের একতা নগরে 'স্ট্যাচু অফ ইউনিটি'র কাছে বিশেষ অনুষ্ঠানের আয়জন করা হবে। সেখানে একতা দিবস কুচকাওয়াজে দেশীয় সারমেয়দের বিশেষ দক্ষতা প্রদর্শিত হবে। জনগণকে সেদিনের কুচকাওয়াজে অংশ গ্রহণ ও প্রত্যক্ষ করার আহ্বান জানান প্রধানমন্ত্রী। এছাড়াও, ৩১ তারিখ সারা দেশে যে **একতা দৌড়** বা **'রান ফর ইউনিটি'**-র আয়োজন করা হচ্ছে, তাতেও  যেন সকলে যোগ দেন, তার জন্য আহ্বান জানান তিনি।

প্রধানমন্ত্রী 'মন কি বাত'-এর ভাষণে জাতীয় গান- **'বন্দে মাতরম'**-এর কথাও উল্লেখ  করেন। এই গান আমাদের মনে যে উদ্বলিত ভাবনা জাগিয়ে তোলে, সেকথা উল্লেখ করে শ্রীমোদী জানান, আগামী ৭'ই নভেম্বর 'বন্দ মাতরম'-এর দেড়শ বছর পূর্তি হচ্ছে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই গানটি ১৮৯৬ সালে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর প্রথমবারের জন্য গেয়েছিলেন। স্বার্ধ শতবর্ষে বন্দে মাতরম-এর গৌরবগাঁথা অক্ষুণ্ণ রাখার প্রয়াস হিসেবে শ্রী মোদী #VandeMatram150- এ তাঁদের মতামত পাঠানোর আহ্বান জানান দেশবাসীর প্রতি।

এই প্রসঙ্গে প্রধানমন্ত্রী আগামী ১৫'ই নভেম্বর ভগবান বীরসা মুন্ডার জন্মজয়ন্তী উদ্‌যাপনের কথাও উল্লেখ করেন। স্বাধীনতার ইতিহাসে বীরসা মুন্ডার ভূমিকা এবং

উপজাতীয়দের অধিকার রক্ষায় তিনি যে অসামান্য অবদান রেখে গেছেন, প্রধানমন্ত্রী সেকথাও তুলে ধরেন।

বাইট-বীরসা

---------------------

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

---------------------

চারদিন ব্যাপী ছট পুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে ‘খারনা’ । সন্ধ্যায় প্রসাদ গ্রহণের পর শুরু হবে ৩৬ ঘন্টার নিরম্বু উপবাস।

আগামীকাল সন্ধ্যায় নদী, জলাশয়ে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হবে। চতুর্থ দিনে মঙ্গলবার, উদীয়মান সূর্যকে অর্ঘ্য নিবেদনের পর ব্রত উদ্‌যাপন সমাপ্ত হবে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাইশ-তম আশিয়ান -ভারত শীর্ষ বৈঠকে ভার্চুয়ালি অংশ নেবেন। বিদেশ মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, প্রধানমন্ত্রী ও আসিয়ান নেতৃবৃন্দ আসিয়ান-ভারত সম্পর্কের অগ্রগতি যৌথভাবে পর্যালোচনা করবেন। একইসঙ্গে সর্বাত্মক কৌশলগত অংশীদারিত্ব আরো শক্তিশালী করার বিষয় নেতৃবৃন্দ মতবিনিময় করবেন। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ভারতের ‘অ্যাক্ট ইস্ট’ পলিসি ও ভারত-প্রশান্ত

মহাসাগরীয় ক্ষেত্রের প্রেক্ষিতে সম্পর্ক মজবুত করার লক্ষ্যে আসিয়ান দেশগুলি গুরুত্বপূর্ণ স্তম্ভ বিশেষ।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প সহ বিশ্বের শীর্ষ নেতারা আজ কুয়ালালামপুরে শুরু হওয়া দক্ষিণ-পূর্ব এশিয়ান নেশনস অ্যাসোসিয়েশন ASEAN এর বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিচ্ছেন।দুই দিনের এই সম্মেলনে বাণিজ্য, নিরাপত্তা এবং আঞ্চলিক স্থিতিশীলতা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলনে যোগ দেবেন বলে জানা গেছে। এশিয়ার সবচেয়ে কনিষ্ঠ দেশ পূর্ব তিমুর আজই আসিয়ানের ১১তম সদস্য হিসেবে স্বীকৃতি পেয়েছে।

---------------------

আয়ারল্যান্ডে নির্দলীয় বামপন্থী রাজনীতিবিদ ক্যাথরিন কন্নোলির দশম রাষ্ট্রপতি হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি তাঁর প্রতিদ্বন্দ্বী হিথার হামফ্রেসকে পরাজিত করেন। ২০১৬ থেকে গালাওয়ে ওয়েস্ট আসনে জয়লাভ করে কন্নোলি পার্লামেন্টের সদস্য। ডেপুটি স্পিকারের পদও অলঙ্কৃত করেন তিনি।

---------------------

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ দুদিনের সফরে আজ সেসেলস রওনা দিয়েছেন। তিনি সেখানে রাষ্ট্রপতি হিসাবে নির্বাচিত ডক্টর প্যাট্রিক হেরমিনির শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেবেন। সফরকালে উপরাষ্ট্রপতি ভারতের প্রতিনিধি হিসেবে ডক্টর হেরমিনিকে সম্বর্ধনা জ্ঞাপন করবেন। বিদেশ মন্ত্রকের এক বিবৃতিতে জাননো হয়েছে, ভারতের ভিশন মহাসাগর কর্মসূচির গুরুত্বপূর্ণ অংশীদার হল সেশেলস। উপরাষ্ট্রপতির এই সফর

সেই সম্পর্ককে আরও প্রসারিত ও মজবুত করে তুলবে বলে আশা করা হচ্ছে। দুদেশের মধ্যে ঘনিষ্ঠ দীর্ঘমেয়াদি সময়ের বিচারে উত্তীর্ণ চুক্তিগুলি পর্যালোচনা করারও সুযোগ তৈরি হবে।

----------------------

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগরে তৈরি হওয়া গভীর নিম্নচাপ টি আজ অতি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হচ্ছে। শেষ রেডার পর্যবেক্ষণ অনুযায়ী এটি বিশাখাপত্তনম থেকে ৮৫০ কিলোমিটার এবং গোপালপুর থেকে ৯৫০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ পূর্বে অবস্থান করছিল। এটি ক্রমশ পশ্চিম উত্তর-পশ্চিম অগ্রসর হয়ে আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি সামুদ্রিক ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে।

মঙ্গলবার সন্ধ্যা থেকে রাতের মধ্যে সেটির অন্ধ্র উপকূলের মছলিপওনম ও কলিঙ্গ পত্তনমের মধ্যবর্তী অংশ দিয়ে স্থলভাগ অতিক্রম করার সম্ভবনা।

এর ফলে, আগামীকাল থেকে পশ্চিমবঙ্গের উপকুলবর্তী জেলা গুলিতে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। মঙ্গলবার দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলার দু এক জায়গায় অতিভারি বৃষ্টি এবং কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলী, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর এর বিজ্ঞানী সউরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

মৎস্যজীবীদের মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

----------------------

ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপের লিগ পর্বের শেষ ম্যাচে বাংলাদেশের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর তিনটেয়। ভারত ৬ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করে ইতমধ্যেই সেমিফাইনালে পৌঁছে গেছে। ভারত পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে আছে। বাংলাদেশ সমসংখ্যক ম্যাচে দুই পয়েন্ট সংগ্রহ করেছে আট দলের পয়েন্ট তালিকায় তারা সবশেষে রয়েছে। সেমিফাইনালে যাওয়ার তাদের কোনো সম্ভাবনা নেই।

---------------------- ----------------------